অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ডিসেম্বরকে STOP-DWI মাস হিসেবে ঘোষণা করলেন এবং মাতাল অবস্থায় গাড়ি চালানো বন্ধ করতে স্টেটব্যাপী ব্যবস্থা গ্রহণের ঘোষণা করলেন

ডিসেম্বরকে STOP-DWI মাস হিসেবে ঘোষণা করে ইস্তেহার জারি করলেন

সংযত অবস্থায় গাড়ি না চালালে আটকানো হবে বলবৎকরণ ক্যাম্পেইন ঘোষণা করলেন

মাতাল অবস্থায় গাড়ি চালানোর ব্যাপারে নতুন PSA শুরু করলেন

স্টেটব্যাপী বার এবং রেস্টুরেন্টে নিরাপদে গাড়ি চালানোর বার্তা প্রচার করার উদ্যোগ ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ডিসেম্বরকে STOP-DWI মাস (STOP-DWI Month) মাস হিসেবে ঘোষণা করে ইস্তেহার জারি করলেন এবং স্টেটজুড়ে মাতাল অবস্থায় চালানো ঠেকাতে অভীষ্ট উদ্যোগের একটি সিরিজ ঘোষণা করলেন। পুরো ডিসেম্বরজুড়ে, গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটি (Governor's Traffic Safety Committee, GTSC) একটি নতুন মদ্যপান ও গাড়ি চালানো বিরোধী জনসেবা ঘোষণা (Public Service Announcement, PSA) শুরু করবে। GTSC এছাড়াও 1 মিলিয়ন মার্কিন ডলারের 'নেশাগ্রস্ত হয়ে গাড়ি চালাবেন না (Don't Drive High)' জনসচেতনতা ক্যাম্পেইন শুরু করবে, যা নিউ ইয়র্ক স্টেটের গাঁজা ব্যবস্থাপনা অফিস (New York State Office of Cannabis Management) থেকে পাওয়া তহবিল ব্যবহার করবে।

"মাতাল অবস্থায় গাড়ি চালানো নিউ ইয়র্ক একদম সহ্য করে না, এটি একটি বেপরোয়া সিদ্ধান্ত যা রাস্তা ব্যবহার করা সকলকে বিপদের সম্মুখীন করে," **গভর্নর হোকল বলেন।** "এটি সহজ ব্যাপার: উদযাপন করুন এবং দায়িত্বশীলভাবে গাড়ি চালান বা নিরাপদে বাড়ি যাওয়ার জন্য একটি পরিকল্পনা করে রাখুন। আমার প্রশাসন বেপরোয়া গাড়ি চালানো ঠেকাতে কাজ করে যাবে যাতে রাস্তার নিউ ইয়র্কবাসীদের রক্ষা করা যায়।"

নিউ ইয়র্ক স্টেট রেস্টুরেন্ট অ্যাসোসিয়েশন (New York State Restaurant Association) এবং এম্পায়ার স্টেট ট্যাভার্ন অ্যাসোসিয়েশনে (Empire State Tavern Association) তাদের

অংশীদারদের সাথে নিয়ে GTSC নিরাপদ গাড়ি চালানোর বার্তাসহ স্টিকার বিতরণ করবে যা সাথে নিয়ে যাওয়ার পানীয়ের ক্ষেত্রে স্টেটব্যাপী বার ও রেস্টুরেন্টে ব্যবহৃত হবে, এবং GTSC দায়িত্বশীল গাড়ি চালানো উৎসাহিত করতে ইলেক্ট্রনিক জুকবক্সে নিরাপদে গাড়ি চালানোর বার্তা যোগ করেছে। GTSC এবং STOP-DWI এছাড়াও 15 ডিসেম্বর থেকে 1 জানুয়ারি পর্যন্ত 'সংযত হয়ে গাড়ি না চালালে আটকানো হবে (Drive Sober or Get Pulled Over)' মাতাল অবস্থায় গাড়ি চালানোর আইন শৃঙ্খলা রক্ষাকারী ক্যাম্পেইনকে স্পন্সর করবে। এই সময়ে, স্টেটব্যাপী আইন শৃঙ্খলা রক্ষাকারীরা টহল বৃদ্ধি করে দিবে।

ক্যাম্পেইনটি আজকে ম্যাকগিয়ারির আইরিশ পাবে শুরু হয়, যেখানে GTSC এবং নিউ ইয়র্ক স্টেটের মোটরযান বিভাগের (New York State Department of Motor Vehicles, DMV) কর্মকর্তারা নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police), নিউ ইয়র্ক স্টেটের গাঁজা ব্যবস্থাপনা অফিস, নিউ ইয়র্ক স্টেটের লিকার কর্তৃপক্ষ (New York State Liquor Authority, SLA), নিউ ইয়র্ক স্টেটের STOP-DWI ফাউন্ডেশন (New York State STOP-DWI Foundation), অ্যালবানি কাউন্টির শেরিফের অফিস (Albany County Sheriff's Office), অ্যালবানি সিটি পুলিশ বিভাগ (Albany City Police Department), নিউ ইয়র্ক স্টেট রেস্টুরেন্ট অ্যাসোসিয়েশন এবং এম্পায়ার স্টেট রেস্টুরেন্ট এবং ট্যাভার্ন অ্যাসোসিয়েশনের সাথে যোগ দিবে।

নিউ ইয়র্কে মাতাল অবস্থায় গাড়ি চালানো নির্মূল করতে সবথেকে সাম্প্রতিক এই ব্যবস্থাগুলি এই সমস্যা সমাধানে স্টেটের চলমান প্রচেষ্টার উপর ভিত্তি করে নেওয়া হয়েছে। স্টেটের লিকার কর্তৃপক্ষ, স্টেট পুলিশ, এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সাথে একত্রে DMV প্রতিরোধ অপারেশনের (Operation Prevent) তত্ত্বাবধান করে, এটি একটি আইন শৃঙ্খলা রক্ষাকারী উদ্যোগ যা অপ্রাপ্তবয়স্কদের মদপান এবং অপ্রাপ্তবয়স্কদের কাছে অ্যালকোহল বিক্রি প্রতিরোধ করতে সাহায্য করে। প্রতিরোধ অপারেশনের বিস্তারিত কাজ করা হয় সারা বছর বার, রেস্টুরেন্ট, এবং কনসার্টের ভেন্যুতে। শুধু এই গ্রীষ্মকালেই 580টি ভুয়া পরিচয়পত্র বাজেয়াপ্ত করা হয়েছে, ভুয়া পরিচয়পত্র ব্যবহার করে অ্যালকোহল ক্রয়ের চেষ্টায় 505টি টিকেট জারি করা হয়েছে এবং অ্যালকোহল পানীয় ও নিয়ন্ত্রণ আইন (Alcohol Beverage and Control Law) লঙ্ঘনের কারণে আরো 46টি টিকেট জারি করা হয়েছে।

পাশাপাশি, GTSC মাদক সনাক্তকরণ বিশেষজ্ঞদের (Drug Recognition Experts, DRE) প্রশিক্ষণও সমর্থন করে। DRE-দের ডাকা হয় যখন একজন চালককে মাতাল মনে হয় কিন্তু পুলিশ মাতাল অবস্থার কারণ বা একক কারণ হিসেবে অ্যালকোহলকে খারিজ করে দিয়েছে। একটি DRE বিস্তৃত প্রশিক্ষণ গ্রহণ করে যা জাতীয় মহাসড়ক ট্র্যাফিক সুরক্ষা অ্যাডমিনিস্ট্রেশন (National Highway Traffic Safety Administration) এবং আন্তর্জাতিক পুলিশ প্রধানদের অ্যাসোসিয়েশন কর্তৃক অনুমোদিত। প্রশিক্ষণটি অফিসারদেরকে অবৈধ ও প্রেসক্রিপশন ড্রাগ সহ সাতটি মাদক ক্যাটাগরির মধ্যে প্রত্যেকটিতে থাকা দুর্বলতার লক্ষণ এবং নির্দেশকগুলো পর্যবেক্ষণ ও প্রমাণ করতে সমর্থ করে। অক্টোবর পর্যন্ত, পুরো স্টেটে 411 জন DRE আছে।

মাতাল অবস্থায় গাড়ি চালানোর বিরুদ্ধে লড়াইয়ে নিউ ইয়র্কের প্রয়াসের আরেকটি মুখ্য উপাদান হলো STOP-DWI কর্মসূচি। STOP-DWI মানে "মাতাল অবস্থায় গাড়ি চালানোর জন্য স্পেশাল ট্রাফিক অপশন প্রোগ্রাম (Special Traffic Options Program for Driving While Intoxicated)।"

স্টেটের STOP-DWI কর্মসূচিটি অর্থায়িত হয় সাজাপ্রাপ্ত মাতাল চালকদের পরিশোধ করা জরিমানা থেকে। গুরুত্বপূর্ণভাবে, প্রোগ্রামের সমন্বয়কারীরা আইন প্রয়োগকারী এবং আইন প্রয়োগকারী নয় এমন বিভিন্ন পেশাদারী পশ্চাদপট থেকে আসা মানুষদের সমন্বয়ে গঠিত।

মদ ও অন্যান্য মাদক সংক্রান্ত ট্রাফিক দুর্ঘটনা কমাতে স্থানীয় প্রচেষ্টার সমন্বয়ের উদ্দেশ্যে কাউন্টিগুলর ক্ষমতায়নে এই STOP-DWI কর্মসূচি তৈরি করা হয়েছিল। 62 কাউন্টির সবগুলো অংশগ্রহণ করেছিল। STOP-DWI দ্বারা অর্থায়িত কর্মসূচিসমূহের কিছু উদাহরণ হলো DWI আইন শৃঙ্খলা রক্ষা করার ক্ষেত্রে বিশেষভাবে প্রশিক্ষিত পুলিশ ইউনিট নিবেদিত করা এবং মামলার চাপ সামলাতে প্রবেশন কর্মকর্তা নিয়োগ করা, ইগনিশন ইন্টারলক ডিভাইস পর্যবেক্ষণ করা, পুনর্বাসন সেবা সমর্থন করা, জনগণের জন্য তথ্য ও শিক্ষা ক্যাম্পেইন বিকাশ করা যা যার যার অঞ্চলের সম্প্রদায়সমূহের জন্য বিশেষ করে তৈরি করা হবে। আরো জানার জন্য, ভিজিট করুন stopdwi.org/।

নিউ ইয়র্ক স্টেটের মোটরযান বিভাগের কমিশনার এবং GTSC-র প্রধান মার্ক জে. এফ. শ্রোডার বলেন, "গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির মিশন হলো জীবন রক্ষা করা এবং আমাদের রাস্তায় নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখা। আমরা এইসব আইন শৃঙ্খলা রক্ষাকারী ক্যাম্পেইনকে এবং সেই সাথে আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং STOP-DWI কর্মকর্তাদের গর্বের সাথে সমর্থন করি এবং মাতাল অবস্থায় গাড়ি চালানোর বিরুদ্ধে লড়াইয়ে তাদের প্রতিশ্রুতির জন্য তাদের ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেন্ডেন্ট স্টিভেন এ. নিগ্রেলি বলেন, "আমাদের রাস্তার একটি সাধারণ হুমকি, যার সাথে আমরা প্রতিনিয়ত লড়াই করছি, হলো নেশাগ্রস্ত ও মাতাল অবস্থায় গাড়ি চালানো। যেহেতু এই ছুটির মৌসুমে পুরো স্টেটের মোটরচালকেরা নিজেদের পরিবার ও বন্ধুদের সাথে দেখা করতে গাড়ি চালাবে, আমরা তাদের উৎসাহিত করবো নিরাপদে গাড়ি চালানোর অনুশীলনকে তাদের অগ্রাধিকার করার জন্য। নিউ ইয়র্ক স্টেট পুলিশ গর্বসহকারে আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারদের সাথে এই অব্যাহত প্রয়াসে যোগদান করছে মাতাল ও নেশাগ্রস্ত চালকদের নিরুৎসাহিত, সনাক্ত ও ঠেকানোর জন্য।"

নিউ ইয়র্ক স্টেটের লিকার কর্তৃপক্ষের চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন, "SLA গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির একজন সদস্য হিসেবে কাজ করতে পেরে এবং অপ্রাপ্তবয়স্কদের মদ্যপান এবং মাতাল অবস্থায় গাড়ি চালানোর বিপদের ব্যাপারে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে রাস্তায় মৃত্যু হ্রাস করতে যেই দুর্দান্ত প্রয়াস গৃহীত হচ্ছে সেখানে একটি ভূমিকা পালন করতে পেরে গর্বিত। আমরা স্টেটব্যাপী এই ক্যাম্পেইনে আইন শৃঙ্খলা রক্ষাকারী আমাদের অংশীদারদের সাথে এবং পুরো স্টেটের রেস্টুরেন্ট ও বারের মালিকদের সাথে যোগদান করতে পেরে অতি আনন্দিত, যারা তাদের ব্যবসা নিরাপদে ও সচেতনভাবে পরিচালনা করতে সাধ্যের বাইরে গিয়ে কাজ করছে।"

নিউ ইয়র্ক স্টেটের গাঁজা ব্যবস্থাপনা অফিসের নির্বাহী পরিচালক ক্রিস্টোফার আলেক্সান্ডার বলেন, "নিউ ইয়র্কবাসীদের জন্য নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর ঝুঁকি বুঝতে

পারা অতি গুরুত্বপূর্ণ এবং আমরা এই অতি প্রয়োজনীয় শিক্ষা প্রদান করতে গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটিকে সমর্থন করতে সাহায্য করতে পেরে গর্বিত। সহজভাবে বললে: আপনার যদি ভিন্ন অনুভূতি হতে থাকে তাহলে আপনি ভিন্নভাবে গাড়ি চালাবেন এবং তখন আপনার উচিত না গড়িয়ে চালিয়ে নিজেকে এবং অন্যদেরকে ঝুঁকিগ্রস্ত করা।"

STOP-DWI অ্যাসোসিয়েশনের পশ্চিম অঞ্চলের প্রধান লিন্ডসে টমিডি বলেন, "শিশুকালে, আমি আমার ভাইকে হারানোর শোক সহ্য করেছি যখন সে মাতাল অবস্থায় গাড়ি চালানোর দুর্ভাগ্যজনক সিদ্ধান্ত নিয়েছিলো। আমি নিজের অভিজ্ঞতা থেকে জানি এই প্রতিরোধযোগ্য অপরাধ ঠেকাতে যাতে কেউ এর শিকার না হয়, সচেতনতা বৃদ্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ। STOP-DWI NY সমমনা অ্যাসোসিয়েশনগুলির সাথে সাথে নিয়ে যাওয়ার অ্যালকোহল লেবেলগুলির ব্যাপারে কাজ করতে আগ্রহী। আমাদের ব্যবসা ও আমাদের রাস্তায় ট্র্যাফিক নিরাপত্তা বৃদ্ধি উভয় সাফল্যে পারস্পরিক স্বার্থ রয়েছে, তাই আমরা এই কাজ একত্রে অব্যাহত রাখতে উন্মুখ।"

ওসিনিং পুলিশ বিভাগের (Ossining Police Department) পুলিশ প্রধান এবং নিউ ইয়র্ক স্টেটের পুলিশ প্রধানদের অ্যাসোসিয়েশনের (New York State Association of Chiefs of Police) প্রেসিডেন্ট কেভিন সিলভেস্টার বলেন, "পুরো স্টেটের পুলিশ প্রধানগণ মোটরচালকদের মনে করিয়ে দিচ্ছে যে যদি অ্যালকোহল আপনার ছুটির মৌসুমের উদযাপনের একটি অংশ হয় তাহলে পরিবহনের বিকল্প ব্যবস্থার জন্য আগে থেকে পরিকল্পনা করে রাখুন। সম্ভাব্য মর্মান্তিক পরিণতি এড়ানো সম্ভব, যদি আপনি পান করেন, তাহলে অনুগ্রহ করে গাড়ি চালাবেন না।"

লিভিংস্টোন কাউন্টির শেরিফ এবং নিউ ইয়র্ক স্টেটের শেরিফ অ্যাসোসিয়েশনের (New York State Sheriffs' Association) প্রেসিডেন্ট টমাস ডটারি বলেন, "মাতাল অবস্থায় গাড়ি চালানো প্রাণঘাতী গাড়ি চালানো।এটি এমন একটি সিদ্ধান্ত যা আপনাকে, আপনার যাত্রীকে এবং রাস্তার অন্যান্য মানুষকে আহত করতে পারে।নিউ ইয়র্ক স্টেটের শেরিফেরা চায় যাতে আপনি ছুটির মৌসুম উপভোগ করেন কিন্তু সবসময় একটি পরিকল্পনা রাখুন যাতে মাতাল অবস্থায় গাড়ি চালাতে না হয়।"

নিউ ইয়র্ক স্টেটের রেস্টুরেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মেলিসা ফ্লেইশট বলেন, "উৎসবের পানীয়গুলি মেনুতে চলে এসেছে এবং ছুটির মৌসুমের পার্টি দিয়ে ক্যালেন্ডার ভরে যাচ্ছে কিন্তু আনন্দ নিরাপদে বাড়িতে পৌঁছানোর গুরুত্ব থেকে মনোযোগ সরাতে পারবে না।যেহেতু নিরাপদে বাড়িতে যাওয়ার একাধিক বিকল্প আছে, তাই আমরা চাই সকলে যাতে দায়িত্বশীলভাবে উদযাপন করে।নিউ ইয়র্ক স্টেটের রেস্টুরেন্ট অ্যাসোসিয়েশন এবং আমাদের সদস্যরা গভর্নরের ট্র্যাফিক কমিটি এবং STOP-DWI এর সাথে আছে।"

এম্পায়ার স্টেট রেস্টুরেন্ট এবং ট্যাভার্ন অ্যাসোসিয়েশনের নির্বাহী পরিচালক স্কট ওয়েক্সলার বলেন, "আমরা STOP-DWI ফাউন্ডেশন এবং গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির সাথে এই অংশীদারিত্বে অংশগ্রহণ করতে পেরে আনন্দিত। গ্রাহকদের তাদের টেক-আউট

অর্ডারের সাথে একটি পানীয় যোগ করতে দেওয়ার সুযোগটি রেস্টুরেন্টের মেনুতে একটি জনপ্রিয় ও অর্থনৈতিকভাবে লাভজনক সংযোজন হয়েছে, কিন্তু এটি দায়িত্বশীল অ্যালকোহল সেবনে আমাদের প্রতিশ্রুতি হ্রাস করেনি। এই প্রয়াস সকলকে মনে করিয়ে দেয় যে মাতাল অবস্থায় গাড়ি চালানো একটি জন নিরাপত্তা উদ্বেগ হয়েই আছে এবং সাথে-পানীয় নিয়ে যাওয়ার বিশেষাধিকারের সাথে আসে দায়িত্বশীলভাবে পান করার কর্তব্য।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418